



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।

ফোনঃ
০২-৮১৮০১৪৪
ফ্যাক্সঃ
০২-৮১৮৯০২৯

Web: www.iresppw-brdb.gov.bd


নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩- ২২০১

তারিখঃ ১২/১১/২০১৩ খ্রি:।

বিষয়ঃ সমিতি গঠনে “সদস্য নির্বাচন কমিটি”র অনুমোদন গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (IRESPPW) সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে এই মর্মে অবহিত করা যাচ্ছে যে, প্রকল্পের অধীনে উপজেলা পর্যায়ে প্রাথমিক সমিতি গঠনের সময় সদস্য নির্বাচনের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার ১০ নং পৃষ্ঠার “সদস্য নির্বাচন কমিটি” কর্তৃক অনুমোদনের বিষয়টি সুস্পষ্টভাবে উল্লেখ থাকলেও কিছু উপজেলা কার্যক্রম পরিদর্শনে দেখা যাচ্ছে যে, এ কমিটির অনুমোদন ছাড়াই সদস্য নির্বাচনের মাধ্যমে সমিতি গঠিত হয়েছে; যা প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার সুস্পষ্ট লঙ্ঘন। এর ফলে প্রকল্পের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে এবং তা অনেক সময় প্রকল্পের স্থায়ীত্বের জন্য মারাত্মক হুমকি স্বরূপ। এমতাবস্থায়, উপজেলা পর্যায়ে গঠিত “সদস্য নির্বাচন কমিটি” কর্তৃক সুফলভোগী নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং একই সাথে পূর্বে গঠিত সমিতির সদস্য নির্বাচনের ক্ষেত্রে এ প্রক্রিয়া অনুসরণ করা না হলে তা হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


(প্রকৌশলী মোস্তাফিজুল আলম)
প্রকল্প পরিচালক (IRESPPW)
বাপউবো, ঢাকা।

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
.....উপজেলা,
.....জেলা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সহকারী প্রোগ্রামার (IRESPPW), বাপউবো, ঢাকা (প্রকল্পের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ২। উপ পরিচালক, বাপউবো,..... জেলা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বাপউবো, ঢাকা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বাপউবো, ঢাকা।
- ৫। অফিস নথি/ সংশ্লিষ্ট নথি।